গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা।
www.powerdivision.gov.bd

বিষয়ঃ বিদ্যুৎ বিভাগের ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাহবুব-উল-আলম<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চিফ ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | : | ০৯-০৬-২০১৫ খ্রি: |
| সভার সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | : | কক্ষ নং-২০৫, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক'। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর, ০৫-০৪-২০১৫ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণীন গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী বিস্তারিত আলোচনা হয়।

০২। সোলার ইরিগেশনের বিষয়ে স্রেডার প্রতিনিধি সভায় জানান যে, ডিজেল এর ব্যবহার এবং পরিবেশ ঝুঁকি কমানোর জন্য সোলার ইরিগেশন চালু করা হয়েছে। এই বিষয়টি ইনোভেটিভ আইডিয়ার তালিকায় অর্ন্তভূক্ত করার বিষয়ে অনুরোধ জানানো হয়।

০৩। বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির গঠিত ইনোভেশন টিমের সভা নিয়মিত আহবান করতে হবে এবং সভার কার্যবিবরণী বিদ্যুৎ বিভাগের প্রোগ্রামারের মেইল-এ প্রেরণ নিশ্চিত করতে হবে। প্রোগ্রামার সকল কার্যবিবরণীর সারসংক্ষেপ চিফ ইনোভেশন অফিসারের নিকট উপস্থাপনের ব্যবস্থা নিবেন।

০৪। এছাড়াও প্রতিটি দপ্তর/সংস্থা/কোম্পানির কর্মকর্তাদের জন্য ICT প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য বিস্তারিত আলোচনা হয়। ICT এর বিভিন্ন আইটেম (Hardware, Software, Networking ইত্যাদি) ভিত্তিক প্রশিক্ষণের Need Assessment করার জন্য নির্দেশনা দেয়া হয়। পরবর্তিতে প্রতি আইটেমের জন্য ৫ জন করে কর্মকর্তার প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা হয়। এক্ষেত্রে জুনিয়র এবং মিড লেভেল কর্মকর্তাদের অগ্রাধিকার দেওয়ার বিষয়েও আলোচনা হয়। উর্ধ্বতন কর্মকর্তাদের এ বিষয়ে অরিয়েন্টেশন আয়োজন করতে হবে।

০৫। বিদ্যুৎ বিভাগ ও আওতাধীন সকল দপ্তর/সংস্থার কর্মকর্তাদের আধুনিক প্রযুক্তি ও তার সর্বশেষ অগ্রগতি সম্পর্কে সম্যক ধারনা ও জ্ঞান আহরণের লক্ষ্যে বিভিন্ন বিষয়ভিত্তিক বই, সাময়িকী, জার্নাল ইত্যাদি (প্রয়োজনীয়) চাহিদা এ বিভাগে প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। বিভিন্ন ওয়েবসাইট হতে বই, সাময়িকী, জার্নাল ইত্যাদি ডাউনলোড/পড়ার নিমিত্ত কর্পোরেট ইউজার সৃষ্টির জন্য সকল কার্যপদ্ধতি জনাব মোঃ সাজিবুল হক কে দায়িত্ব দেয়া হয়। বিদ্যুৎ বিভাগের প্রোগ্রামার এ বিষয়ে সার্বিক সহযোগীতা করবেন। আগামী সভায় এ বিষয়ে একটি প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশনা দেয়া হয়।

০৬। সভায় আরও জানানো হয় যে, বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির জনবলের জন্য Unified PMIS প্রস্তুত করার জন্য ডিপিডিসিকে দায়িত্ব প্রদান করা হয়েছে। সভায় Unified PMIS প্রস্তুত করার অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভায় জানানো হয় যে, প্রস্তুতকৃত Unified PMIS সফটওয়্যারটি সার্ভারে হোস্ট করা হয়েছে এবং ডাটা এন্ট্রি অব্যাহত আছে। আগামী ১লা জুলাই, ২০১৫ তারিখে সফটওয়্যারটি পুরোপুরি চালুর বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেয়া হয়।

০৭। বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির ইনোভেশন টিমকে উদ্ভাবনী ধারনা, ধারনাসমূহের বাস্তবায়ন অগ্রগতি এবং জনগণের প্রাপ্ত সুবিধা ইত্যাদি তথ্য নির্দিষ্ট ফরমেটে এ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। কিন্তু দপ্তর/সংস্থা হতে কোন তথ্য না পাওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন এবং প্রতিবেদন দ্রুত এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় উদ্ভাবনী ধারনাসমূহ হতে উপযুক্ত ধারনার সারসংক্ষেপ প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রতিমাসে প্রেরণ নিশ্চিত করণের জন্য নির্দেশনা দেয়া হয়।

০৮। বিদ্যুৎ বিভাগের ওয়েবসাইটে প্রতিদিন বিদ্যুৎ উৎপাদনের রেকর্ড অটো আপডেট করার বিষয়ে আলোচনা হয়। এক্ষেত্রে আগামী সভায় এনএলডিসি এবং এটুআইএর একজন করে প্রতিনিধি উপস্থিত থাকার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দেয়া হয়।

০৯। নিজ নিজ শাখা/অধিশাখার গুরুত্বপূর্ণ পরিপত্র, অফিস আদেশ, প্রজ্ঞাপন, বিধি বিধান ইত্যাদি FTP Server/NESS System সংরক্ষণ করার বিষয়ে আলোচনা হয়। প্রত্যেক ইউজার সিষ্টেমে লগইন করে প্রয়োজনীয় তথ্য ডাউনলোড এবং আপলোড করতে পারবে।

১০। বর্তমানে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, পিজিসিবি e-GP Portal এর মাধ্যমে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করছে। বড় প্রকল্পের e-GP Portal এ অনলাইন অনুমোদনের জন্য উন্নয়ন শাখায় e-GP চালুর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। যে সকল দপ্তর/সংস্থা/কোম্পানি এপর্যন্ত যতগুলো e-GP Portal এর মাধ্যমে Tender নিষ্পত্তি করেছে তার তালিকা প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। সকল দপ্তর/সংস্থা যাতে e-GP Portal এর মাধ্যমে Tender Process করতে পারে সে বিষয়েও নির্দেশনা প্রদান করেন।

১১। সভার বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(ক) স্প্রেডার চালুকৃত সোলার ইরিগেশন ইনোভেটিভ আইডিয়ার তালিকায় অর্ন্তভূক্ত করতে হবে।

(খ) দপ্তর/সংস্থা/কোম্পানির গঠিত ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী ২৪ ঘন্টার মধ্যে এ বিভাগের প্রোগ্রামারের ই- মেইলে প্রেরণ নিশ্চিত করতে হবে।

(গ) দপ্তর/সংস্থা/কোম্পানির কর্মকর্তাদের জন্য ICT প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। Hardware, Software, Networking ইত্যাদি বিষয়ভিত্তিক প্রতি ৫ জন করে কর্মকর্তার প্রশিক্ষণ আয়োজন করতে হবে। এক্ষেত্রে জুনিয়র এবং মিড লেভেল কর্মকর্তাদের প্রাধান্য দিতে হবে।

(ঘ) বিভিন্ন টেকনিক্যাল বিষয়ের বই, সাময়ীকী, জার্নাল ইত্যাদি ডাউনলোড/পড়ার জন্য ওয়েবসাইটের কর্পোরেট ইউজার তৈরির পদক্ষেপ জনাব মোঃ সাজিবুল হক, পাওয়ারসেলকে গ্রহণ করতে হবে। বিদ্যুৎ বিভাগের প্রোগ্রামার সার্বিক সহযোগীতা করবেন। এ বিষয়ে আগামী সভায় একটি অগ্রগতি প্রতিবেদন দাখিল করতে হবে।

(ঙ) বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির জনবলের জন্য Unified PMIS আগামী ১ জুলাই এর মধ্যে পুরোপুরি চালু করতে হবে।

(চ) বিদ্যুৎ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানির ইনোভেশন টিমকে উদ্ভাবনী ধারনা, ধারনাসমূহের বাস্তবায়ন অগ্রগতি এবং জনগণের প্রাপ্ত সুবিধা ইত্যাদি তথ্য/বিবরণ নির্দিষ্ট ফরমেটে আগামী ৭ দিনের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।

(ছ) বিদ্যুৎ বিভাগের ওয়েবসাইটে প্রতিদিনের বিদ্যুৎ উৎপাদন রেকর্ড অটো আপডেটের ব্যবস্থা করতে হবে।

(জ) অনলাইনে বিদ্যুৎ বিল পরিশোধের বিষয়ে ড. আহমদ কায়কাউস, অতিরিক্ত সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

(ঝ) e-GP Portal এ অনলাইন অনুমোদনের জন্য উন্নয়ন শাখায় e-GP Portal চালুর ব্যবস্থা করতে হবে। সকল দপ্তর/সংস্থা/কোম্পানি এপর্যন্ত যতগুলো e-GP Portal এর মাধ্যমে Tender নিস্পত্তি করা হয়েছে তার তালিকা প্রেরণ নিশ্চিত করতে হবে। সকল দপ্তর/সংস্থা/কোম্পানি e-GP Portal এর মাধ্যমে Tender Process করতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

২২/৬/১৫

(মোঃ মাহবুব-উল-আলম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)